

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৮০/২০১৪

অভিযোগকারী : জনাব এস.এম. সাইফ আলী
পিতা-এস.এম. মুজিবুর রহমান
মেহেরবা প্লাজা (১০/১১ তলা)
৩৩ তোপখানা রোড
ঢাকা-১০০০।

প্রতিপক্ষ : সেলিনা শামসি
প্রিন্সিপাল (ভারপ্রাপ্ত)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজ
মতিঝিল, ঢাকা-১০০০।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৭-০৮-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব এস.এম. সাইফ আলী ০৭-০৪-২০১৪ ও ২৯-০৫-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল (ভারপ্রাপ্ত) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সেলিনা শামসি বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে রেজিস্ট্রি ডাকযোগে পৃথকভাবে দু'টি আবেদন করেন-

- ০৭-০৪-২০১৪ তারিখের আবেদনের প্রার্থীত তথ্য-
ক) **Invitation for tender (IFD) no. 01/2013-2014, Memo no. & date: 24/11/2013** নম্বরের দরপত্র বিজ্ঞপ্তিটি যেসব পত্রিকায় প্রকাশিত হয়েছে সেসব পত্রিকার নাম এবং যে তারিখে টেন্ডারটি প্রকাশিত হয়েছে সেই তারিখ পেতে চাই।
খ) এ টেন্ডারের কাজটি যে ঠিকাদার পেয়েছে তার নাম এবং ব্যবসায়িক ঠিকানা পেতে চাই।
- ২৯-০৫-২০১৪ তারিখের আবেদনে প্রার্থীত তথ্য-
মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজের উন্নয়ন কাজের জন্য যেসব পত্রিকায় 'টেন্ডার ফর নোটিশ' বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে সেসব পত্রিকার নাম এবং প্রকাশিত হওয়ার তারিখ পেতে চাই। যার **Invitation for tender (IFD) no. 01/2013-2014, Memo no. & date: 24/11/2013** এবং যে ঠিকাদারী প্রতিষ্ঠানটি উল্লেখিত টেন্ডারের কাজটি পেয়েছে তার নাম এবং ব্যবসায়িক ঠিকানা। যদি কোন ক্রমে টেন্ডারটি কর্তৃপক্ষ বাতিল করে থাকে তবে বাতিলের সুনির্দিষ্ট কারণ ও কর্তৃপক্ষের সিদ্ধান্তের প্রমাণপত্র পেতে চাই।

০২। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ডাকযোগে প্রেরিত আবেদন গ্রহণ না করে ফেরত দিলে অভিযোগকারী ২৯-০৫-২০১৪ তারিখে মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজের ম্যানেজিং কমিটির চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) জনাব আওলাদ হোসেন বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল কর্তৃপক্ষ (আরটিআই) আপীল আবেদন গ্রহণ না করেই ফেরত দিলে অভিযোগকারী ০৬-০৭-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৭-০৮-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৭-০৮-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

(অ:পূ:দ্র)

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব এস.এম. সাইফ আলী প্রতিপক্ষ মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল (ভারপ্রাপ্ত) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী শিমুল চন্দ্র দাস হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবর আপীল আবেদন করেন। এরপরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী তার বক্তব্যে উল্লেখ করেন যে, আজকে তাকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে আইনজীবী হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে তিনি কমিশনের শুনানীতে হাজির হয়েছেন। লিখিত জবাব দাখিলের জন্য তিনি সময় প্রার্থনা করেন।

০৬। কমিশন সময়ের আবেদন নামঞ্জুর করে অভিযোগকারীকে তথ্য সরবরাহের বিষয়টি উল্লেখ করলে বিজ্ঞ আইনজীবী অভিযোগকারীর প্রার্থিত তথ্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা

অভিযোগকারী ও প্রতিপক্ষ উভয়ের বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবীর সময়ের আবেদন নামঞ্জুর করা হয়। বিজ্ঞ আইনজীবী অভিযোগকারীর প্রার্থিত তথ্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ০৪-০৯-২০১৪ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করার জন্য মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল (ভারপ্রাপ্ত) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার